

আইনরক্ষার প্রতিশ্রুতি

আপনাদের প্রতি আমাদের অঙ্গীকার

প্রতিটি পুলিশ বাহিনীর মত বেডফোর্ডশায়ার পুলিশ (Bedfordshire Police) আইনরক্ষার প্রতিশ্রুতি (Policing Pledge)-তে স্বাক্ষর করেছে। আমরা আপনাকে যে পরিষেবা দেব, আপনার সঙ্গে যেমন ব্যবহার করব এবং যেসব লক্ষ্যসমূহে সচেষ্ট থাকব তা এতে জানানো হয়েছে। আমরা যা কাজ করি তার কেন্দ্রবিন্দুতে বেডফোর্ডশায়ারের জনসাধারণকে রাখা আমাদের লক্ষ্য এবং ঐ লক্ষ্যটিকে বলবৎ করছে এই প্রতিশ্রুতি, একসঙ্গে আমরা এই স্থানটিকে আরো বাসযোগ্য করে তুলতে চেষ্টা করব।

আমরা:

1. আপনার প্রতি সবসময় ন্যায্য ব্যবহার এবং সমস্ক্রম আচরণ করব, যাতে আপনার পক্ষে উপযুক্ত এবং যুক্তিসঙ্গত সময়ে আপনি আমাদের পরিষেবা ব্যবহারের অবাধ সুযোগ পান।
2. আপনাকে তথ্যাদি জানাব, যাতে আপনার জন্য বিশেষভাবে উৎসর্গীকৃত সেফার নেবারহুড টিম (Safer Neighbourhood Team) কে, তারা কোথায় আছে, কিভাবে তাদের সঙ্গে যোগাযোগ করা যায় এবং কিভাবে তাদের সঙ্গে মিলে কাজ করা যায় তা আপনি জানতে পারবেন।
3. যখন আপনি সেফার নেবারহুড টিম এবং অন্যান্য টহলদার (পাট্রল) পুলিশ বাহিনীর সবচেয়ে বেশী প্রয়োজনবোধ করবেন ও আমাদের জানাবেন এবং যখন তারা সবচেয়ে ফলপ্রসূ হবে সেই সময় আপনার এলাকায় তাদের সুস্পষ্ট উপস্থিতি সূনিশ্চিত করব। একান্ত প্রয়োজন না হলে আপনার প্যাডার প্রহরার কাজ থেকে আপনার ঐ দলটিকে যাতে না সরানো হয় আমরা তা সূনিশ্চিত করব। তারা আপনার প্রাধান্যের বিষয়গুলির সমাধানে তাদের সময়ের 80% ভাগ আপনার প্যাডায় কর্মরত থাকবে ও প্রত্যক্ষ কাজকর্ম করবে। কর্মচারী বদলি কম রাখা হবে।
4. 24 ঘন্টার মধ্যে, আপনার সেফার নেবারহুড দলের উদ্দেশ্যে প্রতিটি বার্তার (মেসেজের) উত্তর দেব, এবং যেখানে প্রয়োজন, যত শীঘ্র সম্ভব বিস্তারিত উত্তর জানানো হবে।
5. 10 সেকেন্ডের মধ্যে 999 কলের উত্তর দেওয়ার চেষ্টা করব, তৎক্ষণাত্ সঙ্কটকালীন সাহায্য পৌঁছে দেব, আনুমানিক কোন সময়ে পৌঁছাব তা আপনাকে জানাব এবং যত শীঘ্র সম্ভব এবং নির্বিঘ্নে আপনার কাছে সাহায্য পৌঁছে যাবে। শহর এলাকায় আমরা 15 মিনিটের মধ্যে এবং গ্রামীণ এলাকায় 20 মিনিটের মধ্যে আপনার কাছে পৌঁছে যাওয়ার চেষ্টা করব।
6. যে কলগুলি সঙ্কটকালীন কল নয় সেগুলির অবিলম্বে উত্তর দেব। সেখানে আমাদের উপস্থিতির প্রয়োজন হলে আমাদের টহলদার পুলিশ বাহিনী পাঠাব, আনুমানিক কোন সময়ে তারা পৌঁছাবে তা জানাব, এবং:
 - আপনি যদি অসহায় হন বা বিপন্ন বোধ করেন তাহলে 60 মিনিটের মধ্যে আপনার কাছে পৌঁছানোর চেষ্টা করব।
 - যদি আপনি এমন কোনো বিষয় নিয়ে ফোন করেন যা আপনার প্যাডায় প্রাধান্যের বিষয় বলে গণ্য হয়েছে, সেক্ষেত্রে আমাদের উপস্থিতির প্রয়োজন হলে, 60 মিনিটের মধ্যে আমরা আপনার কাছে পৌঁছানোর চেষ্টা করব।
 - তা না হলে, উপযুক্ত মনে হলে, 48 ঘন্টার মধ্যে এবং আপনার জীবনধারণের সঙ্গে মানানসই সময়ে আপনার সঙ্গে দেখা করার জন্য আপয়েন্টমেন্ট নেব।
 - যদি আপনি ও আমরা একমত হই যে উপস্থিতি নিষ্প্রয়োজন, তাহলে আমরা আপনাকে পরামর্শ দেব, আপনার প্রশ্নের উত্তর দেব এবং/বা আপনাকে সাহায্য করতে পারে এমন কারুর সঙ্গে আপনার যোগাযোগ করিয়ে দেব।
7. মাসে অন্তত একবার, আপনার প্রাধান্যের বিষয়গুলির সঙ্গে একমত হতে নিয়মিত জনসভার আয়োজন করব, আপনার স্থানীয় দলের সঙ্গে আপনার প্যাডার অন্যান্য সদস্যদের দেখাসাক্ষাতের সুযোগ করে দেব। স্থানীয় প্রয়োজন ও চাহিদা পূরণ করতে এতে সার্জারি, স্ট্রিট ব্রিফিং (সংক্ষিপ্ত বর্ণন) এবং মোবাইল পুলিশ স্টেশন পৌঁছানোর সুযোগ দেওয়া হবে।
8. প্রগতি, স্থানীয় অপরাধ এবং আইনরক্ষা সংক্রান্ত বিষয়ে প্রতি মাসে সাম্প্রতিকতম খবরাখবর জানাব। তাতে অপরাধের মানচিত্র (ম্যাপ) থাকবে, বিশেষ অপরাধ সম্বন্ধে তথ্য থাকবে, যাদের ন্যায়বিচার করা হয়েছিল তাদের কি (সাজা) হয়েছে, জানানো হবে, আপনার প্যাডা আরো নিরাপদ করে তুলতে আমরা এবং আমাদের সঙ্গীরা যা পদক্ষেপ নিয়েছি তার বিস্তারিত বিবরণ এবং আমরা কেমন কাজ করছি সে বিষয়ে তথ্য জানানো হবে।
9. আপনি নিজে যদি অপরাধের শিকার হন তাহলে আপনার কেসে কি কি প্রগতি হচ্ছে সে ব্যাপারে আপনি কতবার এবং কত দিন যাবত খবরাখবর পেতে চান সে বিষয়ে আপনার সঙ্গে কথা বলে নেব। আপনি চাইলে মাসে অন্তত একবার এবং যুক্তিসঙ্গত সময়সীমা পর্যন্ত আপনি ঐ বিষয়ে ওয়াকিবহাল থাকার অধিকার পাবেন।
10. আপনি আমাদের পরিষেবায় অসন্তুষ্ট হলে ও আমাদের তার রিপোর্ট করলে, 24 ঘন্টার মধ্যে আমরা আপনাকে ঐ রিপোর্টের প্রাপ্তিসংবাদ জানাব। আমরা যাতে বিষয়টির যথাযথ সমাধান করতে পারি সেজন্য আমরা আপনার সঙ্গে তা সমাধানের বিষয়ে আলোচনা করব, আপনার চিন্তার বিষয় নিয়ে আপনি যাতে ব্যক্তিগতভাবে কারুর সঙ্গে কথা বলতে পারেন সেই সুযোগ দেব এবং সে বিষয়ে কত শীঘ্র এবং কি পদক্ষেপ নেওয়া হবে তা আপনাকে জানাব।

আমরা আপনাকে যথাসাধ্য সাহায্য করতে চাই, তবে যদি আমরা প্রতিশ্রুতি রাখতে ব্যর্থ হই তাহলে আমরা যে উন্নতমানের পরিষেবা দিতে চাই এবং আপনার যা প্রাপ্য তা ঐ ক্ষেত্রে কেন দেওয়া সম্ভব হয়নি তা সব সময় আপনাকে বুলিয়ে দেব।

আরও তথ্যের জন্য:

টেলিফোন

01234 841212

(টাইপটক প্রিফিক্স 18001)

টেক্সটে জিতাসাবাদ

07786 200011